রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ৯, ২০১৫

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৬ জ্যৈষ্ঠ, ১৪২২/০৯ জুন, ২০১৫

নিম্নলিখিত বিলটি ২৬ জ্যৈষ্ঠ, ১৪২২/০৯ জুন, ২০১৫ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ১০/২০১৫

### ২০১৫ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে আনীত বিল

যেহেতু ২০১৫ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১৫ নামে অভিহিত হইবে।

২। **২০১৪-২০১৫ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৯৫০৮,৫৭,১২,০০০ (নয় হাজার পাঁচশত আট কোটি সাতান্ন লক্ষ বার হাজার) টাকা প্রদান**।—২০১৫ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত **৯৫০৮,৫৭,১২,০০০ (নয় হাজার পাঁচশত আট কোটি সাতান্ন লক্ষ বার হাজার)** টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

৩। **নির্দিষ্টকরণ।**—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১৫ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

**তফসিল**
**(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)**

**(অংকসমূহ হাজার টাকায়)**

| মঞ্জুরী নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | রাষ্ট্রপতির কার্যালয় | ২২,৯৩ | ০ | ২২,৯৩ |
| ০২ | প্রধানমন্ত্রীর কার্যালয় | ০ | ৪৬,৮৪,৪৮ | ৪৬,৮৪,৪৮ |
| ০৪ | নির্বাচন কমিশন সচিবালয় | ৩৪,৯৩,৭৭ | ৮৫,৮৭,০০ | ১২০,৮০,৭৭ |
| ০৫ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ০ | ৮৭,৫৯,০৩ | ৮৭,৫৯,০৩ |
| | সরকারি কর্ম কমিশন | ৮১,২৬ | ০ | ৮১,২৬ |
| | অর্থ বিভাগ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় | ৫০,৫১ | ০ | ৫০,৫১ |
| ০৮ | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ০ | ১৪২,৮৩,৩১ | ১৪২,৮৩,৩১ |
| ১০ | পরিকল্পনা বিভাগ | ০ | ১৮১৯,৯৬,৪৫ | ১৮১৯,৯৬,৪৫ |
| ১৩ | বাণিজ্য মন্ত্রণালয় | ০ | ৩৫,৩৯,২৮ | ৩৫,৩৯,২৮ |
| ১৪ | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ৩৭,০৭,১৮ | ৩৭,০৭,১৮ |
| ১৫ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ০ | ১২৭১,১৭,৫৫ | ১২৭১,১৭,৫৫ |
| ১৬ | সশস্ত্র বাহিনী বিভাগ | ০ | ১,৮৪,৪২ | ১,৮৪,৪২ |
| ১৮ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ১৩৭২,৯৪,৭৬ | ১৩৭২,৯৪,৭৬ |
| ২১ | শিক্ষা মন্ত্রণালয় | ০ | ৬৫৭,৮৬,৩৪ | ৬৫৭,৮৬,৩৪ |
| ২২ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ০ | ১৪২৩,৬৯,২৩ | ১৪২৩,৬৯,২৩ |
| ২৩ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ০ | ৩৯২,১৩,৯২ | ৩৯২,১৩,৯২ |
| ২৭ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৭৮,২৪,৫৪ | ৭৮,২৪,৫৪ |
| ২৯ | তথ্য মন্ত্রণালয় | ০ | ৪,৩২,২০ | ৪,৩২,২০ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩০ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৪৩,৯২,০৯ | ৪৩,৯২,০৯ |
| ৩১ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৪৫,৯২,৯৯ | ৪৫,৯২,৯৯ |
| ৩৩ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ১৫৩৭,২৪,২৯ | ১৫৩৭,২৪,২৯ |
| ৩৪ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০ | ৮৭,২১,৮৯ | ৮৭,২১,৮৯ |
| ৪০ | পরিবেশ ও বন মন্ত্রণালয় | ০ | ২৪,১৯,৮২ | ২৪,১৯,৮২ |
| ৪৯ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ০ | ২২৩,০৩,৫০ | ২২৩,০৩,৫০ |
| | সুপ্রীম কোর্ট | ১০,৮১,৫৫ | -১,০০ | ১০,৮০,৫৫ |
| ৫৪ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৩৬,০১,৫৩ | ৩৬,০১,৫৩ |
| | দুর্নীতি দমন কমিশন | ৬,০৯,৩০ | -১৭,০০ | ৫,৯২,৩০ |
| | **মোট মঞ্জুরী ও বরাদ্দের দাবী** | **৫৩,৩৯,৩২** | **৯৪৫৫,১৭,৮০** | **৯৫০৮,৫৭,১২** |

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

এই বিলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত সম্পূরক ব্যয় নির্বাহের নিমিত্ত এবং ২০১৫ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের জন্য সরকারের অনুমিত ব্যয় সম্পর্কে জাতীয় সংসদ কর্তৃক প্রদত্ত মঞ্জুরীসমূহের বিপরীতে সংযুক্ত তহবিল হইতে প্রয়োজনীয় অর্থ নির্দিষ্টকরণের বিধান করিতে চাওয়া হইয়াছে।

**আবুল মাল আবদুল মুহিত**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

**মোঃ আশরাফুল মকবুল**
সিনিয়র সচিব

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd